দৈনিক বাংলা

তারিখ ... 28.12.83 ...
পৃষ্ঠা ... কলাম ...

# বাংলাদেশ স্কুল টেক্সটবুক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা

ঢাকা-২

বিজ্ঞপ্তি নং ৫৫-বিড/১৫/৮১(২য় খন্ড) তারিখ ২৬-১২-৮৩

## প্রাথমিক ও মাধ্যমিক স্তরের পাঠ্যপুস্তক বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্দারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ১৯৮৪ সালে বাংলাদেশ স্কুল টেক্সটবুক বোর্ডের প্রকাশিত পাঠ্যপুস্তক বিতরণ পদ্ধতি নিম্নরূপ:—

১। ১ম থেকে ৩য় শ্রেণী পর্যন্ত পাঠ্যপুস্তক সরকার কর্তৃক বিনামূল্যে সরকারী সার্বজনীন শিক্ষা প্রকল্পের অধীনে প্রাথমিক শিক্ষা পরিদফতরের মাধ্যমে উপ-জেলা শিক্ষা অফিসারের সহযোগিতায় ছাত্রছাত্রীদের ব্যবহারের জন্য স্কুলে স্কুলে বিতরণ করা হবে।

২। ৪র্থ শ্রেণীর পাঠ্যপুস্তক সরকার শিক্ষার্থীদের স্বার্থে প্রকৃত মূল্যের অর্ধেক প্রদান করেছেন এবং বাকী অর্ধেক বিক্রয় মূল্য হিসাবে ধার্য হয়েছে। ৪র্থ শ্রেণীর প্রতিটি বইয়ে প্রকৃত মূল্য এবং বিক্রয় মূল্য উল্লেখ করা আছে।

৩। ৪র্থ শ্রেণীর পাঠ্যপুস্তকসহ ৫ম থেকে ৭ম শ্রেণী পর্যন্ত পুস্তকসমূহ বাংলাদেশ স্কুল টেক্সটবুক বোর্ড কর্তৃক নিয়োজিত পাইকারী পুস্তক বিক্রেতাদের সরবরাহ করা হচ্ছে এবং ১ম ২য় ও ৩য় শ্রেণীর কিছু সংখ্যক পাঠ্য-পুস্তক মূল্যসহ বাজারে ছাড়া হচ্ছে। তবে মূল্যের বই খুলনা বুক প্রিন্ট ৬০ গ্রাঃ কাগজে এবং ভিন্ন রংয়ের প্রচ্ছদে মুদ্রিত থাকবে। বিনামূল্যে প্রাপ্ত বই ছিঁড়ে গেলে বা হারিয়ে গেলে যাতে ছাত্রছাত্রীরা মূল্য দিয়ে বই পেতে পারে তার জন্য এ ব্যবস্থা নেয়া হয়েছে। এ সকল পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক নিয়োজিত পাইকারী পুস্তক বিক্রেতাদের নিকট পাওয়া যাবে।

৪। ৮ম এবং ৯ম-১০ম শ্রেণীর পাঠ্যপুস্তকসমূহ বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির মাধ্যমে মুদ্রণ ও বিক্রয়ের ব্যবস্থা করা হয়েছে এবং এসব বই বাজারে পুস্তক ব্যবসায়ীদের কাছে পাওয়া যাবে।

৫। এখানে উল্লেখ্য যে ডাক বিভাগও তাদের নিকট মওজুদ অবিক্রিত চালু পাঠ্যপুস্তক বোর্ড নিয়োজিত পাইকারী পুস্তক বিক্রেতাগণের নিকট নির্ধারিত কমিশনে বিক্রি করতে পারবেন—এই মর্মে অনুমতি দেয়া আছে।

(অধ্যাপক মোঃ আসাদুজ্জামান)
সচিব,
বাংলাদেশ স্কুল টেক্সটবুক বোর্ড, ঢাকা।

জি—৪৩৬০